

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

জানুয়ারি ২৫, ২০১২

বিআরপিডি সার্কুলার নং- ০৪

তারিখ :-----

মাঘ ১২, ১৪১৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে দাখিলযোগ্য বিবরণী/তথ্য **Web portal** এর মাধ্যমে  
বাংলাদেশ ব্যাংকের **Enterprise Data Warehouse-এ** রিপোর্ট করা প্রসঙ্গে।

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ কর্তৃক বিভিন্ন সময়ে জারীকৃত সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে এ বিভাগসংশ্লিষ্ট বিবরণীসমূহ নির্দিষ্ট তারিখের মধ্যে অত্র বিভাগে দাখিলের নির্দেশনা ব্যাংকগুলোতে রয়েছে।

অন-লাইন পদ্ধতিতে তথ্য সংগ্রহের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় এখন থেকে অত্র বিভাগে দাখিলযোগ্য (ছকে উল্লেখিত) মাসিক ও ত্রৈমাসিক বিবরণী/ তথ্যাবলী Rationalized Input Templates (RIT) এ পূরণ করে Web portal এর মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের Enterprise Data Warehouse (EDW) -এ আপ-লোড করতে হবে।

Report Name / বিবরণীর নাম	Template Name	বিবরণী দাখিলের নির্ধারিত তারিখ
১। ঋণ শ্রেণীকরণ ও প্রভিশনিং সংক্রান্ত বিবরণী Statement of Loan Classification and Provisioning, CL-1	T_PS_D_LN_PROV	সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ৩০ তারিখের মধ্যে।
২। সংশোধিত সুদ হার বিবরণী (Interest Rate Matrix)	T_PS_M_INT_RATE	সংশ্লিষ্ট/চলতি মাসের ৭ তারিখের মধ্যে।
৩। সুদ মওকুফ সংক্রান্ত বিবরণী (Statement of Interest Waiver)	T_PS_M_INT_WAIVER	সংশ্লিষ্ট মাস অন্তে পরবর্তী মাসের ৭ তারিখের মধ্যে।
৪। অবলোপনকৃত ঋণ হিসাবের বিবরণী (Statement of Loan Written-off); ৫। ঋণ আদায় সংক্রান্ত বিবরণী (Statement of recovery against Classified Loans)	T_PS_Q_LNREC_RECOVERY	সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের যথাক্রমে ১৫ ও ৩০ তারিখের মধ্যে।
৬। Statement of Loans/Advances of own bank directors or their related concerns ; ৭। Statement of Loan/Advance/ Lease Finance of bank director or their concern from Financial Institution; ৮। Statement of Loans/Advances of directors of other banks or their related concern ; ৯। Statement of Private Bank's directors Loan	T_PS_Q_SH_DIR_LOANS	সংশ্লিষ্ট ত্রৈমাসিক অন্তে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে।

এ পর্যায়ে, ডিসেম্বর ৩১, ২০১১ ভিত্তিক বিবরণী বিদ্যমান পদ্ধতিতে নির্ধারিত তারিখে প্রেরণের পর তা Web portal এর মাধ্যমে মার্চ ৩১, ২০১২ এর মধ্যে দাখিল করতে হবে।

তাছাড়া, জুন ৩০, ২০১২ পর্যন্ত পূর্বের পদ্ধতিতে বিবরণীর hard copy সরবরাহের পাশাপাশি পূরণকৃত RIT বাংলাদেশ ব্যাংকের Web portal এ আপ-লোড করতঃ যুগপৎভাবে প্রেরণ এবং জুলাই ০১, ২০১২ হতে শুধুমাত্র Web portal এর মাধ্যমে বিবরণী দাখিল করতে হবে।

এ প্রসঙ্গে উল্লেখ্য, অত্র বিভাগ সংশ্লিষ্ট Rationalized Input Templates এবং User Manual বাংলাদেশ ব্যাংকের ইনফরমেশন সিস্টেমস্ ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট কর্তৃক ব্যাংকগুলোকে সরবরাহ করা হচ্ছে। প্রয়োজনীয় ক্ষেত্রে উক্ত বিভাগের সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট জনাব মোঃ আমির হোসেন পাঠান (ফোন নং-৭১২৫০২৩) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

এ নির্দেশ অবিলম্বে কার্যকর হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(কে,এম, আব্দুল ওয়াদুদ)

মহাব্যবস্থাপক

ফোন: ৭১১৭৮২৫